

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১৩

তারিখঃ ১০/০১/২০১৬ খ্রিঃ।

সময়ঃ রাত ০৯.০০ টা।

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ১০.০১.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

০১। আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

সমুদ্র বন্দর ও নদী বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

পূর্বাভাসঃ আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশের কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে।

শৈত্যপ্রবাহঃ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে যা অব্যাহত থাকতে পারে এবং তা যশোর, কুষ্টিয়া ও শ্রীমঙ্গল অঞ্চলসহ রাজশাহী বিভাগের উপরে বিস্তার লাভ করতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের এবং দিনের তাপমাত্রা (১-৩) সেঃহ্রাস পেতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

| বিভাগের নাম | ঢাকা | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---------------------|------|-----------|-------|---------|-------|-------|--------|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৮.১ | ২৭.৭ | ২০.৬ | ২৭.২ | ২৫.০ | ২৯.০ | ৩০.৪ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৩.২ | ১৪.০ | ১২.২ | ০৯.৫ | ০৯.৪ | ১১.৬ | ১৭.১ |

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পটুয়াখালীর ঝৈপুপাড়ায় ৩০.৪ ডিগ্রী এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল দিনাজপুরে ০৯.৪ ডিগ্রী সে।

০২। অগ্নিকাণ্ডঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকাণ্ডের সংবাদ পাওয়া যায়নি।

০৩। ফেরী দুর্ঘটনাঃ পটুয়াখালীর কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, আজ ১০.০১.২০১৬ তারিখ সন্ধ্যা ৬.০০টায় পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার আন্ধারমাণিক নদীতে ফেরীতে উঠার সময় একটি ইট বোঝাই ট্রাক নিয়ন্ত্রণ হাড়িয়ে নদীতে একটি খেয়া নৌকার উপর পরে যায়। এতে মোট ১৬ জন আহত এবং ২ জন নিখোঁজ রয়েছে। নিখোঁজ ২ জনের মধ্যে একটি ৫ বছরের শিশু বাচ্চা এবং ধারণা করা হচ্ছে অন্য একজন ৩৫ বছরের যুবক। ফায়ার সার্ভিসের ডুবুরীদল স্থানীয় ডুবুরী এবং প্রশাসনের সহায়তায় উদ্ধার কাজ চালাচ্ছে। আহতদের মধ্যে ২ জনের অবস্থা গুরুতর বিধায় তাদেরকে বরিশাল মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে, বাকীদের স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। কলাপাড়া উপজেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় জনপ্রতিনিধিগণ ঘটনাস্থলে উপস্থিত থেকে উদ্ধার কাজ তদারকি করছেন বলে তিনি জানান।

** দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়া দান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: ndrcc.dmr@gmail.com

স্বাক্ষরিত/-
ভারপ্রাপ্ত কর্মকর্তা
এনডিআরসিসি
ফোনঃ ৯৫৪০৪৫৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যয়), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/ (দুবাক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।